## উপজেলা আইসিটি কমিটির এপ্রিল/২০২৬ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : আরাফাত সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

সভার স্থান : রাশেদুল ইসলাম সভাকক্ষ

সভার তারিখ : ০৯/০৪/২০২৬ খ্রি.

সময় : ১২.৩০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ কর্তৃক উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **তথ্য বাতায়ন হালানাগাদ করণঃ** উপজেলা পর্যায়ের ৩৯টি সরকারি অফিস ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত আছে। ময়মনসিংহ বিভাগের সকল অফিসের ডোমেইন ও সাব ডোমেইন জাতীয় তথ্য বাতায়নের ২য় ভার্সনে চালু করা হয়েছে। ২য় ভার্সনে আপডেট করার পর সকল অফিসের ইউজার আইডি পরিবর্তন হয়ে গেছে। ওয়েব পোর্টালে বিদ্যামান পূর্বের ই-মেইল আইডি ব্যবহার করে লগইন করতে হবে। পূর্বের মতো User Id ব্যবহার করে লগইন করা যাবে না। লগইনের পরিবর্তে User Id এর পরিবর্তে ই-মেইল আইডি ব্যবহার করতে হবে। স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টালে নতুন ভার্সনে লগইন করে তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর আলোকে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা অনুযায়ি তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার। তাছাড়া সচিবালয় নিদের্শমালা ২০২৪ এর ১৫(৫) এর সকল দপ্তরের ওয়েবসাইটগুলো ব্যবহার ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | ১। উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল সমূহ শতভাগ (১০০%) হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সংশ্লিষ্ঠ সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদকরণ কার্যক্রমের মাসিক রিপোর্ট উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান, ত্রিশাল,ময়মনসিংহ<br><br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন ও ব্যবহার সংক্রান্তঃ** ত্রিশাল উপজেলায় মোট ৩৩টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ল্যাব, ০১ টি প্রতিষ্ঠানে আইসিটিডি স্কুল অব ফিউচার ও ০১টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়। ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন, ব্যবহার ও ইনহাউজ প্রশিক্ষণ চালু করার বিষয়ে আলোচনা করা হয়। ল্যাব সমূহ নিয়মিত শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করা, সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিষয়ে আলোচনা হয়। | ল্যাব সমূহের সুষ্ঠ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য উপজেলা আইসিটি অফিসার নিয়মিত পরিদর্শন করেন। এছাড়া আইসিটি কমিটির সদস্যগণ কর্তৃক আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শন ও এর কার্যক্রম পর্যবেক্ষণ পূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,<br>প্রধান শিক্ষক (সকল আইসিটিডি ডিজিটাল ল্যাব) |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ই-নথি/ডি-নথি বাস্তবায়নঃ** উপজেলা পর্যায়ে লাইভ সার্ভারে ডি-নথি কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ২৬ (ছাব্বিশ)টি। নতুন ডি-নথি লাইভ সার্ভারে সংযোজন করা অফিস সমূহের আইডি খোলা হয়েছে। জেলা আইসিটি কমিটির সভায় জেলা প্রশাসক মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী লাইভ সার্ভারে চলমান অফিসসমূহের সকল দাপ্তরিক কাজ ডি-নথি সিস্টেমে করার জন্য নির্দশনা প্রদান করেন। তাছাড়া "সচিবালয় নির্দেশমালা ২০২৪" তে ই-নথি/ডি-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রদান কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করেছেন। তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইতোমধ্যে ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে চলমান অফিসসমূহকে সকল দাপ্তরিক কাজ ই-নথি সিস্টেমে শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সৃষ্ট দপ্তর সমূহের অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল),ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৪ | **ইউনিয়ন ওয়েব পোর্টাল এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রমঃ** ইউনিয়ন পর্যায়ের মোট ১২টি ইউনিয়ন ওয়েব পোর্টালে অন্তভূক্ত আছে। ময়মনসিংহ বিভাগের সকল ইউনিয়নের ডোমেইন ও সাব ডোমেইন জাতীয় তথ্য বাতায়নের ২য় ভার্সনে চালূ করা হয়েছে। ২য় ভার্সনে আপডেট করার পর সকল ইউনিয়নের ইউজার আইডি পরিবর্তন হয়ে গেছে। ওয়েব পোর্টালে বিদ্যামান পূর্বের ই-মেইল আইডি ব্যবহার করে লগইন করতে হবে। পূর্বের মতো User Id ব্যবহার করে লগইন করা যাবে না। লগইনের পরির্বতে User Id এর পরির্বতে ই-মেইল আইডি ব্যবহার করতে হবে। স্ব স্ব ইউনিয়নের ওয়েব পোর্টালে নতুন ভার্সনে লগইন করে তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। পত্র যোগাযোগের সময় নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার করা। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌছানোর লক্ষ্যে সকল ইউনিয়নের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা, কর্মচারী ও সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ (১০০%) হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br>সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখা, ইউডিসিতে আরোও সেবার মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করা এবং একসেবায় নিয়মিত আয় আপলোডের বিষয়ে আলোচনা হয়। | ৪.১। সকল ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.২। ইউডিসিতে আরোও সেবার মান বাড়িয়ে প্রান্তিক জনগনকে সেবা দিতে হবে। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোড দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>ইউপি সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উদ্যোক্তা (সকল), ইউডিসি, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৫ | **কানেক্টিভিটিঃ** ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের মাধ্যমে ত্রিশাল উপজেলায় মোট ১৫০টি প্রতিষ্ঠানের সাথে ত্রিপক্ষীয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে। চুক্তি প্রাপ্ত প্রতিষ্ঠান গুলোতে ইন্টারনেট সেবা প্রদানকারী সংস্থা (এডিএন) নিয়মিত নিরবিচ্ছিন্নভাবে সেবা প্রদান করবেন। সে সকল প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করে দ্রুত ইন্টারনেট সংযোগ সক্রিয় করা ও সার্বক্ষনিক সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ইন্টারনেট কানেক্টিভিটির সার্বিক অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্পের মাধ্যমে ত্রিশাল উপজেলায় যে কানেক্টিভিটি দেওয়া হবে সে বিষয়ে সহযোগিতা করা ও সার্বিক আবস্থা তদারকি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নিবার্হী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) , তথ্য ওযোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উপজেলার সংশ্লিষ্ঠ দপ্তর (সকল),ত্রিশাল, ময়মনসিংহ |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৪/২৬

( আরাফাত সিদ্দিকী )
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ
০৯০৩২৫৬০০২
unotrishal@mopa gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৬১৯৪.০০০.০৬.০০৩.২৩- ২৫

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬খ্রি:

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.সহকারী কমিশনার ( ভূমি ), উপজেলা ভূমি অফিস ,ত্রিশাল , ময়মনসিংহ।
২. অধ্যক্ষ ,সরকারি নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ।
৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,ত্রিশাল, ময়মনসিংহ।
৪. উপজেলা কৃষি অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৬. অফিসার ইনচার্জ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , ত্রিশাল, ময়মনসিংহ।
৯. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, ত্রিশাল, ময়মনসিংহ।
১০. উপজেলা সমাজসেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
১১. অধ্যক্ষ , ত্রিশাল ডিগ্রী কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ।
১২. প্রধান শিক্ষক, সরকারি নজরুল একাডেমী, ত্রিশাল, ময়মনসিংহ।
১৩. প্রধান শিক্ষক, ত্রিশাল নজরুল বালিকা উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
১৪. সহকারী প্রকৌশলী, ডাক ও টেলিযোগাযোগ, ত্রিশাল, ময়মনসিংহ।
১৫. আইসিটি বিষয়ক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি, ত্রিশাল ময়মনসিংহ।
১৬. অফিস কপি |

২২/০৪/২৬

মাহমুদা আখতার
উপজেলা আইসিটি অফিসার